



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
প্রশাসন সদর দপ্তর
www.brri.gov.bd

নম্বর ১২.২২.০০০০.০৩২.১৪.০০৪.১৮.১৭৫

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৭
১৮ ফেব্রুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ এর কর্মসূচিসমূহে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যথাযোগ্য মর্যাদার সাথে আসন্ন ২১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের লক্ষ্যে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক বৈশ্বিক করোনা পরিস্থিতি বিবেচনায় সংক্ষিপ্ত পরিসরে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

গৃহীত কর্মসূচিসমূহে শুধুমাত্র সকল বিভাগীয় ও শাখা প্রধান, ক্রিয়াশীল সংগঠনের প্রতিনিধি, মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের লক্ষ্যে গঠিত মূল কমিটি'র সকল সদস্যগণ এবং ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয় ও ব্রি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকদ্বয়কে যথাযথ সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক অংশগ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ হলো।

কর্মসূচিসমূহঃ

- ১) সকাল ৬:৩০ মিনিটে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনমিত);
- ২) কালো ব্যাজ ধারণ;
- ৩) সংক্ষিপ্ত আলোচনা ও মোনাজাত;
- ৪) প্রভাতফেরি;
- ৫) শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ;
- ৬) ব্রি মসজিদে কোরআন খানি ও দোয়া মাহফিল (বাদ আসর)।

১৮-২-২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিএএসআর, ব্রি।
- ২) সকল বিভাগীয় ও শাখা প্রধান.....ব্রি।
- ৩) বিভিন্ন ক্রিয়াজীবী সংগঠনের প্রতিনিধি.....ব্রি।
- ৪) প্রধান শিক্ষক, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয় ও ব্রি উচ্চ বিদ্যালয়।
- ৫) পিএ, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, ব্রি।
- ৬) পিএস, পরিচালক (গবেষণা) মহোদয়ের দপ্তর, ব্রি।
- ৭) পিএ পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের দপ্তর, ব্রি।
- ৮) আইসিটি সেল, ব্রি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।